আপনি গৃহহিংসার কারণে আদালতে যাওয়ার, চলাফেরা করার বা সহায়তা চাওয়ার জন্য ছুটি দেওয়ার অনুরোধ করলেন। আপনার নিয়োগকর্তা সাধারণভাবে কর্মচারীদের ব্যক্তিগত প্রয়োজনে ও পারিবারিক জরুরি অবস্থার ক্ষেত্রে ছুটি নেওয়ার অনুমতি দিয়ে থাকেন। আপনার নিয়োগকর্তা যখন জানতে পারলেন যে আপনি গৃহহিংসার কারণে ছুটি চাইছেন, তখন ছুটি দিতে অস্বীকার করলেন। আপনার কোনও প্রতিকার রয়েছে কি?

কোনও কর্মচারী গৃহহিংসার শিকার হওয়ার কারণে তার সঙ্গে চাকরির নিয়ম, শর্তাবলী বা সুবিধার ক্ষেত্রে ভিন্ন ধরনের আচরণ করা বেআইনি।

আপনের গৃহহিংসার ফলস্বরূপ চিকিৎসা বা মানসিক স্বাস্থ্য পরিষেবা পাওয়ার জন্য ছুটির প্রয়োজন। আপনার অধিকারগুলি কী কী?

আপনার চিকিৎসার বা মানসিক স্বাস্থ্য পরিষেবার জন্য ছুটির প্রয়োজন মানবাধিকার আইনের প্রতিবন্ধকতা ও যুক্তিসঙ্গতভাবে মানিয়ে নেওয়ার বিধির আওতাভুক্ত। এতে নিয়োগকর্তার অত্যধিক অস্বচ্ছলতা না ঘটলে আপনাকে যুক্তিসঙ্গত সময়ের জন্য ছুটি দেওয়া আবশ্যক এবং আপনাকে বরখাস্ত করা যাবে না। আপনার নিয়োগকর্তা ততক্ষণ পর্যন্ত পরিষেবা প্রদানকারীর থেকে একটি নোট এর অনুরোধ করতে পারেন, যতক্ষণ সেই নিয়োগকর্তার অনুরূপ পরিস্থিতিতে অন্য সকল কর্মচারীর কাছ থেকে নোট প্রদান করার প্রয়োজন হয়।

কীভাবে অভিযোগ দায়ের করতে হয়

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার বিরুদ্ধে বৈষম্যই করা হয়েছে, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার কমিশন বিভাগেরকাছে অভিযোগ দায়ের করতে পারেন।

চারজন বা তার বেশি কর্মী আছে এমন নিয়োগকর্তারা নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনের আওতাভুক্ত। অভিযোগে বর্ণিত বৈষম্যমূলক কার্জটির এক বছরের ভিতরেবিভাগের কাছে অভিযোগটি জমা দিতে হবে।

অভিযোগ দায়ের করার জন্য:

- বিভাগের ওয়েবসাইট WWW.DHR.NY.GOV এ যান এবং একটি অভিযোগের ফর্ম ডাউনলোড করুন। সম্পূর্ণ করা অভিযোগগুলি অবশ্যই একজন নোটারির সামনে স্বাক্ষর করতে হবে এবং বিভাগের কাছে ফেরত দিতে হবে (ডাকযোগে, ফ্যাক্স দ্বারা বা সশরীরে)।
- ব্যক্তিগতভাবে বিভাগের অফিসে যান।
- অভিযোগের ফর্ম পাওয়াএবং/অথবা অভিযোগ দায়ের করার ক্ষেত্রে অন্যান্য সহায়তার জন্য বিভাগের কোনো একটি অফিসের সঙ্গে টেলিফোনে বা ডাকযোগে যোগাযোগ করুন।

আরো তথ্যের জন্য, অথবা আপনার বাড়ি বা কর্মনিয়োগের স্থানের সবচেয়ে কাছের আঞ্চলিক অফিসটি খুঁজে পাওয়ার জন্য, আমাদের ওয়েবসাইট দেখুন: **WWW.DHR.NY.GOV.**

NEW YORK STATE | Division of Human Rights

গৃহহিংসার শিকার হওয়া ব্যক্তিদের চাকরির অধিকারসমূহ

ONE FORDHAM PLAZA
BRONX, NEW YORK 10458
1-888-392-3644
TTY: 718-741-8300
WWW.DHR.NY.GOV

Bengali—Employment Rights for Victims of Domestic Violence

গৃহহিংসার শিকার হওয়া ব্যক্তিদের চাকরির অধিকারসমূহ

গৃহহিংসার শিকার হওয়া ব্যক্তিদের চাকরির বৈষম্যের থেকে সুরক্ষা প্রদান করতে নিউ ইয়র্ক স্টেট এর মানবাধিকার আইন সংশোধিত হয়, 7 জুলাই, 2009 তারিখ থেকে কার্যকর হয়।

মানবাধিকার আইনে একজন গৃহহিংসার শিকার হওয়া ব্যক্তির সংজ্ঞা এইভাবে দেওয়া হয়, যিনি এমন এক আচরণের শিকার যা N.Y. পারিবারিক আদালত আইন § 812 এর অধীনে একটি পারিবারিক অপরাধ সংঘটিত করে।

কোনও গৃহহিংসার শিকার হওয়া ব্যক্তির বিরুদ্ধে চাকরিতে নিয়োগ, পদোন্নতি, ছুটির সময় ব্যবহারের অনুরোধ অথবা চাকরির অন্যান্য নিয়ম, শর্তাবলী বা সুবিধার ক্ষেত্রে বৈষম্য প্রদর্শন করা বেআইনি।

বৈষম্যের অভিযোগ দায়ের করার জন্য একজন নিয়োগকর্তার প্রতিশোধমূলক পদক্ষেপ নেওয়াও বেআইনি।

জননীতি

চাকরির এই অধিকারগুলি গৃহহিংসার শিকার হওয়া ব্যক্তিদের চাকরিতে বৈষম্যের থেকে রক্ষা করার দ্বারা নিউ ইয়র্ক স্টেট এর সরকারি নীতিকে আরও এগিয়ে নিয়ে যায় যাতে তারা তাদের জীবনের অনন্য পরিস্থিতির মোকাবিলা করতে সক্ষম হয় এবং তাদের উপর কুকর্মকারীদের থেকে আর্থিক স্বাধীনতা অর্জন করে।

আরও তথ্যের জন্য

গৃহহিংসার শিকার হওয়া ব্যক্তিগণ ও নিয়োগকর্তারা, উভয়েই নিম্নলিখিতগুলির থেকে আরও তথ্য প্রাপ্ত করতে পারেন:

নিউ ইয়র্ক স্টেট অফিস

গৃহহিংসা

প্রতিরোধ

(518) 457-5800

WWW.OPDV.NY.GOV

আপনার এলাকায় গৃহহিংসার শিকার ব্যক্তিদের খুঁজে পেতে এখানে যান: **www.nyscadv.org/directory.htm** অথবা উপরে তালিকাভুক্ত 800টি হটলাইন নম্বরগুলির যেকোনোটিতে ফোন করুন।

শিকার হওয়া ব্যক্তিদের জন্য অন্যান্য সুরক্ষাসমূহ

চিকিৎসা পরিচর্যার জন্য ছুটি। যে সকল গৃহহিংসার শিকার হওয়া ব্যক্তির চিকিৎসা বা মানসিক স্বাস্থ্য পরিচর্যার জন্য কাজের থেকে ছুটির প্রয়োজন তারা মানবাধিকার আইনের প্রতিবন্ধকতা ও যুক্তিসঙ্গতভাবে মানিয়ে নেওয়ার বিধির দ্বারা সুরক্ষিত। শাখার দ্বারা এই অধিকারগুলি বলবৎ করা যায়। শিকার হওয়া ব্যক্তিদের যুক্তরাষ্ট্রীয় পারিবারিক চিকিৎসার ছুটির আইন (FMLA) ও অন্যান্য প্রতিবন্ধকতা আইনেও অধিকার থাকতে পারে; এই আইনগুলি শাখার দ্বারা বলবৎ করা হয় না।

অন্যান্য ছুটি। N.Y. ফৌজদারি আইন § 215.14 অনুসারে, কোনও নিয়োগকর্তার এমন কোনও অপরাধের শিকার হওয়া কর্মচারীর বিরুদ্ধে কোনোরকম প্রতিকূল ব্যবস্থা নেওয়া বেআইনি, যিনি আদালতে সাক্ষী হিসেবে হাজিরা দিতে, ডিসট্রিক্ট অ্যাটর্নির সঙ্গে পরামর্শ করতে অথবা সুরক্ষার আদেশ প্রাপ্ত করতে ছুটি নিচ্ছেন। এই নির্দিষ্ট অধিকারটি শাখার দ্বারা বলবৎ হয় না। যদিও, মানবাধিকার আইনের অধীনে কোনও গৃহহিংসার শিকার হওয়া ব্যক্তির সঙ্গে অন্যান্য কারণে ছুটি নেওয়ার প্রয়োজন হওয়া কর্মচারীদের থেকে ভিন্নভাবে আচরণ করা বৈষম্যমূলক বলে ধরা হবে।

বেকারত্ব বিমা। আপনাকে গৃহহিংসার কারণে কোনও চাকরি ছাড়তে হলে আপনাকে অপরিহার্যভাবে বেকারত্ব বিমার সুবিধাগুলি পাওয়ার থেকে নিষিদ্ধ করা হয় না। N.Y. শ্রম আইন § 593 অনুসারে, গৃহহিংসা সংক্রান্ত পরিস্থিতি স্বেচ্ছায় চাকরি ছাড়ার "উপযুক্ত কারণ" হতে পারে। সেইসঙ্গে, গৃহহিংসা সংক্রান্ত চাকরির কর্মসম্পাদনের সমস্যা (যেমন, অনুপস্থিতি বা দীর্ঘসূত্রতা) অপরিহার্যভাবে সুবিধা পাওয়াকে নিষিদ্ধ করে না।

কিছু উদাহরণ:

আপনি গৃহহিংসার শিকার হওয়া ব্যক্তি হওয়ার কারণে একটি সুরক্ষার আদেশ প্রাপ্ত করলেন। আপনি সেই আদেশটি আপনার নিয়োগকর্তাকে প্রদান করলেন এবং ব্যাখ্যা করলেন যে আপনি ভয় পাচ্ছেন যে কুকর্মকারী কর্মস্থলেও আপনার হয়রানি করতে পারে। আপনার চাকরি কি সমাপ্ত করা যেতে পারে?

আপনাকে বরখাস্ত করা যেতে পারে না, কারণ আপনার নিয়োগকর্তা জেনেছেন যে আপনি একজন গৃহহিংসার শিকার হওয়া ব্যক্তি। এই মধ্যে পড়ে কুকর্মকারীর কর্মস্থলে উপস্থিত হওয়ার থেকে সুরক্ষার আদেশ পাওয়া। কুকর্মকারী সুরক্ষার আদেশ লঙঘন করলে অথবা কর্মস্থলে এসে গালিগালাজ করলে কর্মস্থলে অন্য কারও অসদাচরণের ক্ষেত্রের মতোই পুলিশ ডাকতে হবে।